রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, আগস্ট ২৩, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

প্রশাসন অধিশাখা

## প্রজ্ঞাপন

নং ৩৬.০০.০০০০.০০০.০৪৬.২৩.০০৩০.২৫-১০৫৯ তারিখঃ ০২ ভাদ্র ১৪৩৩/১৭ আগস্ট ২০২৬

**ভূমিকা:**

বাংলাদেশের বেসরকারি খাতে প্রতিষ্ঠিত শিল্প কারখানাসমূহ পণ্য উৎপাদন, বাজারজাতকরণ এবং কর্মসংস্থানের মাধ্যমে বাংলাদেশের দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখিতেছে। শিল্প খাতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর বেসরকারি পর্যায়ে শিল্প কারখানা প্রতিষ্ঠা ও পরিচালনা সংশ্লিষ্ট বাংলাদেশী নাগরিকদের মধ্য থেকে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি বা সিআইপি (শিল্প) নির্বাচন করা হয়ে থাকে। এক্ষেত্রে পদাধিকারবলে জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) কোটায় জাতীয় শিল্পনীতি অনুসারে পদাধিকারী বেসরকারি সদস্যগণকে এবং উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে এ সম্মাননা প্রদান করা হয়।

উল্লেখ্য, বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা, ২০০৮ সালে প্রণীত হয় এবং ২০০৯ সালে প্রথমবারের মত এ সম্মাননা প্রদান করা হয়। কার্যক্রম পরিচালনার প্রয়োজনে ২০১২, ২০১৪ ও ২০২৪ সালে এ নীতিমালাটি সংশোধন করা হয়। ২০২৪ এর নীতিমালায় কতিপয় বিধানের সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও পরিবর্ধনপূর্বক বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা, ২০২৬ প্রণয়ন করা হইলো।

১.০ **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই নীতিমালা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।



মূল্য : টাকা ৪০.০০

২.০ **বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচনের শ্রেণিবিন্যাস ও সংখ্যা:—**

**(ক) পদাধিকারবলেঃ** বিদ্যমান জাতীয় শিল্পনীতি অনুসারে জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) এর পদাধিকারি বেসরকারি সদস্য, যাহারা দেশের শিল্পখাতে গুরুত্বপূর্ণ অবদান রাখিতেছেন তাহাদের মধ্য হইতে এই নীতিমালার শর্ত পূরণ সাপেক্ষে সিআইপি (শিল্প) নির্বাচিত হইবেন।

**(খ) উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমেঃ** বিদ্যমান জাতীয় শিল্পনীতি অনুযায়ী শিল্প খাতে শ্রেণিবিন্যাসের আলোকে সিআইপি (শিল্প) এর অনুমোদিত সদস্য সংখ্যা অনধিক ৫৫ (পঞ্চান্ন) জন যাহা নিম্নরূপে বিন্যস্ত হইবে।

| বৃহৎ শিল্প | | মাঝারি শিল্প | | ক্ষুদ্র শিল্প | | উদীয়মান প্রযুক্তিনির্ভর শিল্প | হাইটেক শিল্প | লজিস্টিকস খাত | পর্যটন শিল্প | মাইক্রো শিল্প | কুটির শিল্প | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উৎপাদন | সেবা | উৎপাদন | সেবা | উৎপাদন | সেবা | | | | | | | |
| ১৫ | ০৫ | ১০ | ০৩ | ০৪ | ০২ | ০৫ | ০৩ | ০২ | ০২ | ০২ | ০২ | ৫৫ জন |

৩.০ (১) এই নীতিমালার অন্যান্য বিধান অনুসরণ সাপেক্ষে বিদ্যমান শিল্পনীতিতে প্রদত্ত সংজ্ঞানুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, উদীয়মান প্রযুক্তিনির্ভর, হাইটেক, পর্যটন, লজিস্টিকস খাত, মাইক্রো ও কুটির শিল্পখাতে এবং বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র শিল্পখাতের মধ্য থেকে প্রযোজ্য ক্ষেত্রে সেবা শিল্পখাতে সিআইপি (শিল্প) নির্বাচিত হইবেন।

(২) উপ অনুচ্ছেদ (১) এ উল্লিখিত শিল্প খাতের জন্য সিআইপি (শিল্প) নির্বাচনের ক্ষেত্রে পরিশিষ্ট-১, ২ ও ৩ এ বর্ণিত নীতিমালা অনুযায়ী মান বন্টন পদ্ধতি অনুসরণীয় হইবে ।

(অ) আবেদনকারীকে প্রত্যেক মান বন্টন বিভাজনের সমর্থনে প্রামাণিক দলিলপত্র দাখিল করিতে হইবে।

(আ) প্রাপ্ত আবেদন শিল্পনীতি এবং এই নীতিমালায় বর্ণিত শ্রেনি ব্যবধানের (Class Interval) মূল্যায়নের মান ও ধরন পরিশিষ্ট-৫ অনুযায়ী নির্ধারণ করিতে হইবে।

(৩) বাংলাদেশের যে কোনো নাগরিক, যিনি পূর্ববর্তী অর্থ বৎসরে উৎপাদন ও সেবামূলক কর্মকান্ডে বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, উদীয়মান প্রযুক্তিনির্ভর শিল্প, হাইটেক শিল্প, লজিস্টিকস খাত, পর্যটন শিল্প, মাইক্রো ও কুটির শিল্পের ক্ষেত্রে যথাক্রমে ন্যূনতম ১০,০০,০০০/- (দশ লক্ষ টাকা), ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা), ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা), ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা), ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা), ৩,০০,০০০/- (তিন লক্ষ টাকা), ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) ও ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা) প্রাতিষ্ঠানিক এবং ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) ব্যক্তিগত আয়কর প্রদান করিয়াছেন এবং কুটির শিল্প খাত ব্যতীত অন্যান্য শিল্প খাতে যাহার ব্যবস্থাপনায় এক বা একাধিক পণ্য উৎপাদনকারী বা সেবা প্রদানকারী শিল্প প্রতিষ্ঠান রহিয়াছে, তিনি, এই নীতিমালার অন্যান্য অনুচ্ছেদে বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে, সিআইপি (শিল্প) নির্বাচনের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(৪) এই নীতিমালার অন্যান্য বিধান প্রতিপালন সাপেক্ষে কোনো একক শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারি, লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান অথবা কোম্পানী পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত কোনো উদ্যোক্তা পরিচালক এবং পার্টনারশীপ ফার্মের ক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা অংশীদার সিআইপি (শিল্প) নির্বাচিত হইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। তবে বেতনভুক্ত কোনো কর্মকর্তা সিআইপি (শিল্প) নির্বাচনের যোগ্য হইবেন না।

(৫) একই গ্রুপভুক্ত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান একই ধরনের পণ্য উৎপাদন করিলে ঐ সকল প্রতিষ্ঠানের পক্ষে কেবলমাত্র একজন সিআইপি (শিল্প) নির্বাচিত হইতে পারিবেন।

৪.০ **সিআইপি (শিল্প) নির্বাচনের আবেদন, ইত্যাদি--**(১) বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, উদীয়মান প্রযুক্তিনির্ভর শিল্প, হাইটেক শিল্প, লজিস্টিকস খাত, পর্যটন শিল্প, মাইক্রো ও কুটির শিল্পে পণ্য/সেবার মধ্য হইতে এক বা একাধিক খাতের জন্য দেশীয় কোনো শিল্প উদ্যোক্তা, বাংলাদেশের পেশাজীবী নাগরিক সিআইপি (শিল্প) নির্বাচিত হইবার জন্য ক্ষেত্রমতে ফরম "ক", ফরম "খ" ও ফরম "গ" অনুযায়ী সরকারের নিকট আবেদন করিতে পারিবেন ( ছক সংযুক্ত)।

(২) সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদনে বর্ণিত অর্থ বৎসরের উৎপাদন বা সেবার পরিমাণ এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় পরীক্ষা করিয়া প্রাপ্ত নম্বর অনুযায়ী অনুচ্ছেদ ৬ এর অধীন গঠিত বাছাই কমিটি সিআইপি (শিল্প) এর একটি প্রাথমিক তালিকা প্রণয়ন করিবে।

৫.০ **সিআইপি (শিল্প) হিসাবে নির্বাচিত হইবার ক্ষেত্রে বিধিনিষেধ** ।—(১) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে কোনো ব্যক্তি সিআইপি (শিল্প) হিসাবে নির্বাচিত হইবার যোগ্য হইবেন না, যদি আবেদনকারী—

(ক) ঋণ খেলাপী হন, বা আবেদনের পূর্ববর্তী অর্থ বৎসরে যথাবিহিতভাবে শুল্ক, মূল্য সংযোজন কর বা আয়কর প্রদান না করিয়া থাকেন ;

(খ) বৈদেশিক কোনো ক্রেতার সহিত শিল্প বিরোধে জড়িত থাকিলে এবং উক্তরূপ বিরোধ অবসানে অনাগ্রহী হন ;

(গ) কোনো ফৌজদারী অপরাধের জন্য কোনো ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হন এবং সাজা ভোগ করিবার পর অন্যূন ৫(পাঁচ) বৎসর অতিবাহিত না হয়, বা

(ঘ) শেয়ার সংক্রান্ত কোনো কেলেংকারীতে জড়িত থাকিলে ;

(ঙ) উক্ত ব্যক্তির সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিয়মিত বার্ষিক সাধারণ সভা আয়োজন করিতে ব্যর্থ হয় বা লভ্যাংশ দিতে ব্যর্থ হয় ;

(চ) আবেদনপত্রে কোনো মিথ্যা ও অসত্য তথ্য প্রদান করিলে ;

(ছ) জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) এর পদধিকারী বেসরকারি সদস্য যাঁহারা সংগঠনের প্রতিনিধি হিসেবে থাকবে তাঁহাদের সংগঠনের গঠনতন্ত্রের আলোকে নিয়মিতভাবে নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হইতে হইবে;

(জ) একই ব্যক্তি একই বছরে শিল্প মন্ত্রণালয়ের অন্য কোনো পুরস্কার পাইলে বা অন্য কোনো মন্ত্রণালয় হইতে সিআইপি নির্বাচিত হইলে সিআইপি (শিল্প) হিসেবে নির্বাচিত হইবার যোগ্য হইবেন না;

(ঝ) কোনো ব্যক্তি যে বছরের জন্য সিআইপি (শিল্প) হিসেবে নির্বাচিত হইবেন তিনি তার পরবর্তী ০২ (দুই) বছর সিআইপি (শিল্প) হিসেবে নির্বাচিত হইবার যোগ্য হইবেন না।

(২) কোনো অর্থ বৎসরের জন্য সিআইপি (শিল্প) নির্বাচনের বিষয়ে বিজ্ঞপ্তি প্রচার ও আবেদনপত্র গ্রহণের সময়কালের পূর্ববর্তী ৫(পাঁচ) বৎসর পর্যন্ত সময়কালে কোনো শিল্প প্রতিষ্ঠানকে যদি সরকারের রাজস্ব ফাঁকির কোনো ঘটনার জন্য জরিমানা করা হয়, তাহা হইলে উক্ত অর্থ বৎসরের জন্য উক্ত শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী, উদ্যোক্তা পরিচালক বা চেয়ারম্যান সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদন করিতে পারিবেন না।

(৩) সিআইপি (শিল্প) হিসাবে নির্বাচনের জন্য আবেদনকারী তাহার আবেদনপত্রে কোনো মিথ্যা বা অসত্য তথ্য প্রদান করিলে আবেদনকারী পরবর্তী ৩ (তিন) বৎসর সময়কাল সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদন করিতে পারিবেন না।

(৪) এই অনুচ্ছেদের অধীন কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের ঋণ সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এবং শুল্ক, মূল্য সংযোজন কর কিংবা আয়কর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৬.০ **সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য বাছাই কমিটি, ইত্যাদি।**--(১) এই নীতিমালার অধীন সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য সরকার নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে ০২ (দুই)টি বাছাই কমিটি গঠন করিবে যথাঃ--

ক) প্রাথমিক বাছাই কমিটি।

খ) চূড়ান্ত মূল্যায়ন কমিটি।

**ক) প্রাথমিক বাছাই কমিটি:**

| ক্রম | নাম, পদবি ও কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|
| ০১ | অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| ০২ | যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | যুগ্মসচিব/উপসচিব (বিএসইসি), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ০৪ | যুগ্মসচিব/উপসচিব (আইন), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ০৫ | যুগ্মসচিব/উপসচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ০৬ | যুগ্মসচিব/উপসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ০৭ | যুগ্মসচিব/উপসচিব (নীতি), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ০৮ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

***যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব এর ক্ষেত্রে জ্যেষ্ঠ কর্মকর্তা কর্মরত থাকলে পদাধিকার বলে তিনি কমিটিতে অন্তর্ভুক্ত হবেন।**

**খ) চূড়ান্ত মূল্যায়ন কমিটি:**

| ক্রম | নাম, পদবি ও কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|
| ০১ | সিনিয়র সচিব/সচিব, শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), ঢাকা | সদস্য |
| ০৪ | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা | সদস্য |
| ০৫ | বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা | সদস্য |
| ০৬ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা | সদস্য |
| ০৭ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক মনোনীত যুগ্মসচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা | সদস্য |
| ০৮ | পরিচালক- প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার কার্যালয় | সদস্য |
| ০৯ | জাতীয় রাজস্ব বোর্ডের মনোনীত একজন প্রতিনিধি (প্রথম সচিব এর নিম্নে নয়) | সদস্য |
| ১০ | এফবিসিসিআই কর্তৃক মনোনীত একজন পরিচালক | সদস্য |
| ১১ | ডিসিসিআই কর্তৃক মনোনীত একজন পরিচালক | সদস্য |
| ১২ | যুগ্মসচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

(২) সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য বাছাই কমিটি শ্রেণিভিত্তিক সিআইপি সংখ্যা নির্বাচনের সুপারিশ করিতে পারিবেন।

(৩) সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য প্রাপ্ত আবেদনসমূহ বিবেচনা করিয়া বাছাই কমিটি অনুচ্ছেদ ২ এর দফা (ক) এবং (খ) এর সমন্বয়ে প্রতি বৎসর একটি তালিকা প্রণয়ন করিবে এবং তালিকায় অন্তর্ভুক্ত কোনো ব্যক্তি-

(ক) কোনো ফৌজদারী অপরাধের জন্য কোনো ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক দন্ডিত হইয়াছেন কিনা, কিংবা তাহার বিরুদ্ধে কোনো ট্রাইব্যুনাল বা আদালতে উক্তরূপ কোনো মামলা রহিয়াছে কিনা,

(খ) ঋণ খেলাপী কিনা, কিংবা

(গ) যথাবিহিতভাবে শুল্ক, মূল্য সংযোজন কর কিংবা আয়কর প্রদান করিয়াছেন কিনা,

(ঘ) বৈদেশিক কোনো ক্রেতার সহিত শিল্প বিরোধে জড়িত কিনা,

(ঙ) শেয়ার সংক্রান্ত কেলেংকারীতে জড়িত কিনা ---

তদসম্পর্কিত তথ্যাদি জানাইবার জন্য ক্ষেত্রমত স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয় এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নিকট তালিকার একটি কপি প্রেরণ করিবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন বাছাই কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ক্ষেত্রমত স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয় এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের যাচিত তথ্যাদি সম্পর্কে তাহাদের মন্তব্য বাছাই কমিটির নিকট প্রেরণের বিষয়টি নিশ্চিত করিবে।

(৫) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয় এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নিকট হইতে মন্তব্য বা তথ্যাদি পাইবার পর বাছাই কমিটি সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য প্রণীত তালিকা বিবেচনার জন্য শিল্প মন্ত্রণালয়ে পেশ করিবে।

(৬) উপ-অনুচ্ছেদ (৫)এর অধীন প্রাপ্ত তালিকা পরীক্ষা করিয়া শিল্প মন্ত্রণালয় উহা অনুমোদনযোগ্য বিবেচনা করিলে, তালিকাটি মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটির অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিবে।

(৭) উপ-অনুচ্ছেদ (৬) এর অধীন শিল্প মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত তালিকা পাইবার পর সিআইপি (শিল্প) নির্বাচনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি তদবিবেচনায় যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৮) উপ-অনুচ্ছেদ (৭) এর অধীন সিদ্ধান্ত গ্রহণের পর যদি দেখা যায় যে, কোনো ব্যক্তি একই সাথে সিআইপি (শিল্প) সহ একাধিক ক্ষেত্রে সিআইপি নির্বাচিত হইয়াছেন তাহা হইলে মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি উক্ত ব্যক্তির পছন্দমত যেকোনো একটির জন্য তাহাকে সিআইপি ঘোষণা করিতে পারিবে।

(৯) উপ-অনুচ্ছেদ (৭) এবং (৮) এর অধীন মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(১০) এই নীতিমালার অধীন মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি কর্তৃক অনুমোদিত সিআইপি (শিল্প) এর তালিকা সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করিবে।

৭.০ **সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য পরিশিষ্ট-৪** এ বর্ণিত সময়সূচি অনুসরণ করিতে হইবে।

৮.০ **সিআইপি (শিল্প) সংক্রান্ত সুযোগ-সুবিধা।**---(১) একজন সিআইপি (শিল্প) ১ (এক) বৎসরের জন্য নিম্নরূপ সুযোগ-সুবিধা প্রাপ্য হইবেন, যথাঃ--

(ক) শিল্প মন্ত্রণালয় হইতে সিআইপি (শিল্প) সংক্রান্ত একটি পরিচয়পত্র প্রাপ্ত হইবেন যাহাতে উহার মেয়াদকাল উল্লেখ থাকিবে এবং মেয়াদকালীন সময়ে পরিচয়পত্রটি বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র হিসাবে গণ্য হইবে;

(খ) বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে এবং সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনায় আমন্ত্রণ পাইবেন;

(গ) ব্যবসা সংক্রান্ত কাজে ভ্রমণের সময় বিমান, রেলপথ, সড়ক ও জলপথে চলমান সরকারি যানবাহনে আসন সংরক্ষণে অগ্রাধিকার পাইবেন;

(ঘ) ব্যবসা সংক্রান্ত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে ভিসা প্রাপ্তির নিমিত্ত তাহার অনুকূলে পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট দূতাবাসকে উদ্দেশ্য করে Letter of Introduction প্রদান করিবে;

(ঙ) স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন;

(চ) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহারের সুবিধা প্রাপ্ত হইবেন; এবং

(ছ) মেয়াদকালীন সময়ে সরকার কর্তৃক তাহাকে শিল্প বিষয়ক নীতি নির্ধারণী কোনো কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবে।

(২) সিআইপি (শিল্প) এর উপ-অনুচ্ছেদ (১) এর অধীন প্রাপ্ত পরিচয়পত্র মেয়াদ উত্তীর্ণের ৭ (সাত) দিনের মধ্যে শিল্প মন্ত্রণালয়ে ফেরত প্রদান করিতে হইবে।

৯.০ **সিআইপি (শিল্প) সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রত্যাহার।**—(১)সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা যে কোনো ব্যক্তিকে অনুচ্ছেদ ৮ এর উপ অনুচ্ছেদ (১) এর অধীন প্রদত্ত সিআইপি (শিল্প) এর সুযোগ সুবিধা মেয়াদকালীন যে কোনো সময় জনস্বার্থে প্রত্যাহার করিতে পারিবে।

(২) কোনো ব্যক্তি সিআইপি (শিল্প) নির্বাচিত হইবার পর যেই প্রতিষ্ঠানের জন্য সিআইপি (শিল্প) নির্বাচিত হইয়াছেন সেই প্রতিষ্ঠানের তথ্যগত ত্রুটি, অসত্য তথ্য, আর্থিক বিষয়াদির অডিট কার্যক্রমে বা দুর্নীতি তদন্তে অথবা আদালতের রায়ে সিআইপি নির্বাচনের সংগে সংশ্লিষ্ট কোনো বিষয়ে আপত্তি বা দুর্নীতি বা অপরাধ প্রমাণিত হইলে উক্ত নির্বাচিত সিআইপি (শিল্প) এর অনুকূলে প্রদত্ত সিআইপি কার্ড বা সম্মাননা বাতিল মর্মে গণ্য হইবে এবং সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা তাহা প্রকাশ করিবে।

১০.০ **নীতিমালা পরিবর্তন/সংশোধন সংক্রান্ত অনুচ্ছেদ সংশোধন:-**

প্রয়োজনীয়তার নিরীখে নীতিমালা পর্যালোচনাপূর্বক সংশোধন করা যাইবে। নীতিমালার যে কোনো পরিবর্তন/সংশোধন গেজেট আকারে প্রকাশ করিতে হইবে।

১১.০ **রহিতকরণ/সংরক্ষণ:-**

ইতঃপূর্বে জারীকৃত সিআইপি নির্বাচন সংক্রান্ত প্রজ্ঞাপন নং ৩৬.০০.০০০০.০৯২.১৮.০০৯.২৩-৬৩ তারিখঃ ২৫ মার্চ ২০২৪ এতদ্বারা বাতিল করা হইল। তবে উক্তরূপে বাতিল হওয়া সত্ত্বেও উক্ত নীতিমালার আওতায় গৃহীত কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে তা পূর্বের নীতিমালা অনুসরণপূর্বক সম্পাদন করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রমেন্দ্র নাথ বিশ্বাস
উপসচিব

পরিশিষ্ট-১

(ক) বৃহৎ ও মাঝারি শিল্প খাতের সিআইপি (শিল্প) নির্বাচনের মান-বন্টন নিম্নরূপ:

| ক্রমিক নং | মান বন্টন খাত | মান বন্টন |
|---|---|---|
| | | প্রস্তাবিত |
| (১) | প্রকৃত উৎপাদন | ২০ |
| (২) | পরিশোধিত মূলধন + দীর্ঘ মেয়াদী মোট বিনিয়োগ (Audited Report) | ০৮ |
| (৩) | নীট মুনাফা | ০৫ |
| (৪) | প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত কর | ১৫ |
| (৫) | জনবল | ১০ |
| (৬) | সামাজিক দায়িত্ব পালন (সি এস আর) | ০৫ |
| (৭) | উৎপাদিত পণ্যে স্থানীয় কাঁচামালের ব্যবহার | ০৮ |
| (৮) | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই / আইএসও) | ০৪ |
| (৯) | বর্জ্য ব্যবস্থাপনা | ১০ |
| (১০) | গবেষণা ও উন্নয়ন (আর এন্ড ডি) | ০৫ |
| (১১) | কর্মচারী ও শ্রমিক কল্যাণ | ০৫ |
| (১২) | নান্দনিক ও সৃজনশীল পণ্য বাজারজাতকরণ এবং নতুন বাজার সৃষ্টি | ০৫ |
| | সর্বমোট | ১০০ |

পরিশিষ্ট-২

(খ) ক্ষুদ্র শিল্প, মাইক্রো শিল্প, কুটির শিল্প, উদীয়মান প্রযুক্তিনির্ভর শিল্প, হাইটেক শিল্প ও পর্যটন শিল্প নির্বাচনের মান বন্টন নিম্নরূপ:

| ক্রমিক নং | মান বন্টন খাত | মান বন্টন |
|---|---|---|
| | | প্রস্তাবিত |
| (১) | প্রকৃত উৎপাদন | ২০ |
| (২) | পরিশোধিত মূলধন + দীর্ঘ মেয়াদী মোট বিনিয়োগ | ০৫ |
| (৩) | নীট মুনাফা | ০৫ |
| (৪) | প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত কর | ১০ |
| (৫) | জনবল | ১০ |
| (৬) | সামাজিক দায়িত্ব পালন (সি এস আর) | ০৫ |
| (৭) | উৎপাদিত পণ্যে স্থানীয় কাঁচামালের ব্যবহার | ২০ |
| (৮) | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই / আইএসও) | ০৪ |
| (৯) | বর্জ্য ব্যবস্থাপনা | ০৫ |
| (১০) | নতুন পণ্য উদ্ভাবন | ০৬ |
| (১১) | গবেষণা ও উন্নয়ন (আর এন্ড ডি) | ০৫ |
| (১২) | কর্মচারী ও শ্রমিক কল্যাণ | ০৫ |
| | সর্বমোট | ১০০ |

পরিশিষ্ট-৩

(গ) সেবামূলক বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র ও লজিস্টিকস খাতের সিআইপি (শিল্প) নির্বাচনের মান বন্টন নিম্নরূপ:

| ক্রমিক নং | মান বন্টন খাত | মানবন্টন |
|---|---|---|
| | | প্রস্তাবিত |
| (১) | মোট বিনিয়োগ | ২০ |
| (২) | টার্ণ ওভার | ১০ |
| (৩) | আয়কর পূর্ববর্তী মুনাফা | ১০ |
| (৪) | প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত কর | ১৫ |
| (৫) | মেধা স্বত্ব গ্রহণ ও সংরক্ষণ | ০৫ |
| (৬) | সেবা খাতে প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার | ০৫ |
| (৭) | জনবল | ০৫ |
| (৮) | সামাজিক দায়িত্ব পালন (সি এস আর) | ০৫ |
| (৯) | বর্জ্য ব্যবস্থাপনা | ১০ |
| (১০) | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই / আইএসও) | ০৫ |
| (১১) | কর্মচারী ও শ্রমিক কল্যাণ | ০৫ |
| (১২) | গবেষণা ও উন্নয়ন (আর এন্ড ডি) | ০৫ |
| | সর্বমোট | ১০০ |

পরিশিষ্ট-৪

(ঘ)সিআইপি (শিল্প) নির্বাচনের সময়সূচি-নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী পরবর্তী বৎসরের জন্য সিআইপি (শিল্প) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হইবে, যথাঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ১. | শিল্প মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার এবং আবেদন আহবান ও গ্রহণ | ১৫ জুলাই হইতে ৩০ সেপ্টেম্বর |
| ২. | বাছাই কমিটি কর্তৃক প্রাথমিক তালিকা প্রণয়ন | ০১অক্টোবর হইতে ৩১ অক্টোবর |
| ৩. | কোনো ফৌজদারী অপরাধ সংক্রান্ত, খেলাপী ঋণ সংক্রান্ত, শুল্ক, মূল্য সংযোজন কর, শেয়ার সংক্রান্ত তথ্য এবং আয়কর সংক্রান্ত ও শিল্প বিরোধ সংক্রান্ত তথ্য সংগ্রহকরণ। | ০১ নভেম্বর হইতে ৩০ নভেম্বর |
| ৪. | কোনো ফৌজদারী অপরাধ সংক্রান্ত, খেলাপী ঋণ সংক্রান্ত, শুল্ক, মূল্য সংযোজন কর, শেয়ার সংক্রান্ত তথ্য এবং আয়কর সংক্রান্ত ও শিল্প বিরোধ সংক্রান্ত তথ্য প্রাপ্তির পর বাছাই কমিটি কর্তৃক তালিকা প্রণয়ন এবং শিল্প মন্ত্রণালয়ের অনুমোদন। | ০১ ডিসেম্বর হইতে ১৫ ডিসেম্বর |
| ৫. | শিল্প মন্ত্রণালয় হতে অনুমোদিত তালিকা সুপারিশ সহকারে মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটির বিবেচনার জন্য প্রেরণ। | ১৭ ডিসেম্বর হইতে ৩১ ডিসেম্বর |
| ৬. | মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটির চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ। | ০১ জানুয়ারি হইতে ১৫ জানুয়ারি |
| ৭. | মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি কর্তৃক অনুমোদিত সিআইপি (শিল্প) এর চূড়ান্ত তালিকা শিল্প মন্ত্রণালয় কর্তৃক সরকারী গেজেটে প্রকাশ। | ১৬ জানুয়ারি হইতে ৩১ জানুয়ারি |

পরিশিষ্ট-৫

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) শিল্প পুরস্কারের জন্য নম্বর বণ্টন ক্রাইটেরিয়া

(ক) বৃহৎ শিল্প

| ক্রম | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়ণের ধরন |
|---|---|---|---|
| ০১ | প্রকৃত উৎপাদন | ২০ | (ক) ১০০০০ কোটি টাকার উপরে-২০<br>(খ) ৮০০১-১০০০০ কোটি টাকা-১৮<br>(গ) ৭০০১-৮০০০ কোটি টাকা-১৫<br>(ঘ) ৬০০১-৭০০০ কোটি টাকা-১২<br>(ঙ) ৪০০১-৬০০০ কোটি টাকা-১০<br>(চ) ২০০১-৪০০০ কোটি টাকা-৮<br>(ছ) ১০০১-২০০০ কোটি টাকা-৭<br>(জ) ৫০১-১০০০ কোটি টাকা-৬<br>(ঝ) ১০১-৫০০ কোটি টাকা-৫<br>(ঞ) ১-১০০ কোটি টাকা ৪ |
| ০২ | পরিশোধিত মূলধন+দীর্ঘমেয়াদী মোট বিনিয়োগ (অডিট রিপোর্ট) | ০৮ | (ক) ৫০০০ কোটি টাকার উপরে-৮<br>(খ) ৩০০১-৫০০০ কোটি টাকা-৬<br>(গ) ১০০১-৩০০০ কোটি টাকা-৫<br>(ঘ) ৫০১-১০০০ কোটি টাকা-৪<br>(ঙ) ৩০১-৫০০ কোটি টাকা-৩<br>(চ) ১০১-৩০০ কোটি টাকা-২<br>(ছ) ১-১০০ কোটি টাকা-১ |
| ০৩ | নিট মুনাফা | ০৫ | (ক) ১০০০ কোটি টাকার উপরে-৫<br>(খ) ৮০১-১০০০ কোটি টাকা-৪<br>(গ) ৬০১-৮০০ কোটি টাকা-৩<br>(ঘ) ৫০১-৬০০ কোটি টাকা-২<br>(ঙ) ১-৫০০ কোটি টাকা-১ |
| ০৪ | প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত কর | ১৫ | (ক) ৮০০ কোটি টাকার উপরে-১৫<br>(খ) ৬০১-৮০০ কোটি টাকা-১২<br>(গ) ৪০১-৬০০ কোটি টাকা-১০<br>(ঘ) ৩০১-৪০০ কোটি টাকা-৮<br>(ঙ) ২০১-৩০০ কোটি টাকা-৬<br>(চ) ১০১-২০০ কোটি টাকা-৪<br>(ছ) ১১-১০০ কোটি টাকা-৩<br>(জ) ১-১০ কোটি টাকা-২<br>(ঝ) ১ কোটি টাকার নিচে-১ |

| ক্রম | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়ণের ধরন |
|---|---|---|---|
| ০৫ | জনবল | ১০ | (ক) ১০০০ এর অধিক-১০<br>(খ) ৮০১-১০০০ জন-৯<br>(গ) ৭০১-৮০০ জন-৮<br>(ঘ) ৫০১-৭০০ জন-৭<br>(ঙ) ৪০১-৫০০ জন-৬<br>(চ) ৩০০-৪০০ জন -৫ |
| ০৬ | সামাজিক দায়িত্ব পালন (সিএসআর) | ০৫ | (ক) ১০ কোটি টাকার উপরে-৫<br>(খ) ৭-১০ কোটি টাকা-৪<br>(গ) ৪-৬ কোটি টাকা-৩<br>(ঘ) ১-৩ কোটি টাকা-২<br>(ঙ) ১ কোটির টাকার নিচে-১ |
| ০৭ | উৎপাদিত পণ্যের স্থানীয় কাঁচা মালের ব্যবহার | ০৮ | (ক) ব্যবহার ১০০% হলে-৮<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে |
| ০৮ | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই ও আইএসও) | ০৪ | বিএসটিআই অথবা আইএসও সনদ আবশ্যিকভাবে থাকতে হবে।<br>থাকলে-৪<br>না থাকলে-০ |
| ০৯ | বর্জ্য ব্যবস্থাপনা | ১০ | (ক) পরিবেশ রক্ষা ও বর্জ্য শোধন ব্যবস্থা: ৫<br>১ কোটি টাকা বা বেশি হলে ৫ নম্বর<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে।<br>(খ) ইটিপি ও পরিচালন ব্যবস্থা: ৫<br>থাকলে-৫, না থাকলে -০<br>প্রযোজ্য না হলে পূর্ণ নম্বর প্রাপ্ত হবে। |
| ১০ | গবেষণা ও উন্নয়ন (আর এন্ড ডি) | ০৫ | ১ কোটি টাকা বা বেশি হলে ৫ নম্বর<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে। |
| ১১ | কর্মচারী ও শ্রমিককল্যাণ | ০৫ | ১ কোটি টাকা বা বেশি হলে ৫ নম্বর<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে। |
| ১২ | নান্দনিক ও সৃজনশীল পণ্য বাজারজাতকরণ ও নতুন বাজার সৃষ্টি | ০৫ | থাকলে-৫<br>না থাকলে-০ |

(খ) মাঝারি শিল্প

| ক্রম | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়ণের ধরন |
|---|---|---|---|
| ০১ | প্রকৃত উৎপাদন | ২০ | (ক) ৫০০০ কোটি টাকার উপরে-২০<br>(খ) ৪০০১-৫০০০ কোটি টাকা-১৮<br>(গ) ৩০০১-৪০০০ কোটি টাকা-১৫<br>(ঘ) ২০০১-৩০০০ কোটি টাকা-১২<br>(ঙ) ১০০১-২০০০ কোটি টাকা-১০<br>(চ) ৫০১-১০০০ কোটি টাকা-৮<br>(ছ) ৩০১-৫০০ কোটি টাকা-৬<br>(জ) ১০১-৩০০ কোটি টাকা-৫<br>(ঝ) ১-১০০ কোটি টাকা ৪ |
| ০২ | পরিশোধিত মূলধন+দীর্ঘমেয়াদী মোট বিনিয়োগ (অডিট রিপোর্ট) | ০৮ | (ক) ৩০০০ কোটি টাকার উপরে-৮<br>(খ) ২০০১-৩০০০ কোটি টাকা-৬<br>(গ) ১০০১-২০০০ কোটি টাকা-৫<br>(ঘ) ৫০১-১০০০ কোটি টাকা-৪<br>(ঙ) ৩০১-৫০০ কোটি টাকা-৩<br>(চ) ১০১-৩০০ কোটি টাকা-২<br>(ছ) ১-১০০ কোটি টাকা-১ |
| ০৩ | নিট মুনাফা | ০৫ | (ক) ৮০০ কোটি টাকার উপরে-৫<br>(খ) ৭০১-৮০০ কোটি টাকা-৪<br>(গ) ৬০১-৭০০ কোটি টাকা-৩<br>(ঘ) ৫০১-৬০০ কোটি টাকা-২<br>(ঙ) ১-৫০০ কোটি টাকা-১ |
| ০৪ | প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত কর | ১৫ | (ক) ৫০০ কোটি টাকার উপরে-১৫<br>(খ) ৪০১-৫০০ কোটি টাকা-১২<br>(গ) ৩০১-৪০০ কোটি টাকা-১০<br>(ঘ) ২০১-৩০০ কোটি টাকা-৮<br>(ঙ) ১০১-২০০ কোটি টাকা-৬<br>(চ) ১১-১০০ কোটি টাকা-৪<br>(ছ) ১-১০ কোটি টাকা-৩<br>(জ) ১ কোটি টাকার নিচে-১ |

| ক্রম | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়ণের ধরন |
|---|---|---|---|
| ০৫ | জনবল | ১০ | (ক) ৮০০ এর অধিক-১০<br>(খ) ৭০১-৮০০ জন-৯<br>(গ) ৫০১-৭০০ জন-৮<br>(ঘ) ৪০১-৫০০ জন-৭<br>(ঙ) ৩০০-৪০০ জন-৬<br>(চ) ১২১-৩০০ জন-৫ |
| ০৬ | সামাজিক দায়িত্ব পালন (সি এস আর) | ০৫ | (ক) ৫ কোটি টাকার উপরে-৫<br>(খ) ৪-৫ কোটি টাকার নিচে-৪<br>(গ) ৩-৪ কোটি টাকার নিচে-৩<br>(ঘ) ১-৩ কোটি টাকার নিচে-২<br>(ঙ) ১ কোটি টাকার নিচে-১ |
| ০৭ | উৎপাদিত পণ্যের স্থানীয় কাঁচা মালের ব্যবহার | ০৮ | (ক) ব্যবহার ১০০% হলে-৮<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে |
| ০৮ | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই ও আইএসও) | ০৪ | বিএসটিআই অথবা আইএসও সনদ আবশ্যিকভাবে থাকতে হবে।<br>থাকলে-৪<br>না থাকলে-০ |
| ০৯ | বর্জ্য ব্যবস্থাপনা | ১০ | ক) পরিবেশ রক্ষা ও বর্জ্য শোধন ব্যবস্থা: ৫<br>১ কোটি টাকা বা বেশি হলে ৫ নম্বর<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে।<br>(খ) ইটিপি ও পরিচালন ব্যবস্থা: ৫<br>থাকলে-৫, না থাকলে -০<br>প্রযোজ্য না হলে পূর্ণ নম্বর প্রাপ্ত হবে। |
| ১০ | গবেষণা ও উন্নয়ন (আর এন্ড ডি) | ০৫ | ১ কোটি টাকা বা বেশি হলে ৫ নম্বর<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে। |
| ১১ | কর্মচারী ও শ্রমিক কল্যাণ | ০৫ | ১ কোটি টাকা বা বেশি হলে ৫ নম্বর<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে। |
| ১২ | নান্দনিক ও সৃজনশীল পণ্য বাজারজাতকরণ ও নতুন বাজার সৃষ্টি' | ০৫ | থাকলে-৫<br>না থাকলে-০ |

(গ) ক্ষুদ্র শিল্প, মাইক্রো শিল্প, কুটির শিল্প, উদীয়মান প্রযুক্তিনির্ভর শিল্প, হাইটেক শিল্প ও পর্যটন শিল্প

| ক্রম | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়ণের ধরন |
|---|---|---|---|
| ০১ | প্রকৃত উৎপাদন | ২০ | (ক) ১০০ কোটি টাকার উপরে-২০<br>(খ) ৫১-১০০ কোটি টাকা-১৮<br>(গ) ৩১-৫০ কোটি টাকা-১৫<br>(ঘ) ২১-৩০ কোটি টাকা-১২<br>(ঙ) ১-২০ কোটি টাকা-১০ |
| ০২ | পরিশোধিত মূলধন+দীর্ঘমেয়াদী মোট বিনিয়োগ | ০৫ | (ক) ১৫ কোটি টাকার উপরে-০৫<br>(খ) ১০-১৫ কোটি টাকার নিচে-০৪<br>(গ) ৫-১০ কোটি টাকার নিচে-০৩<br>(ঘ) ১-৫ কোটি টাকার নিচে-০২<br>(ঙ) ১ কোটি টাকার নিচে-০১ |
| ০৩ | নিট মুনাফা | ০৫ | (ক) ১৫ কোটি টাকার উপরে-০৫<br>(খ) ১০-১৫ কোটি টাকা-০৪<br>(গ) ৫-১০ কোটি টাকার নিচে-০৩<br>(ঘ) ১-৫ কোটি টাকার নিচে-০২ |
| ০৪ | প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত কর | ১০ | (ক) ১ কোটি টাকার উপরে-১০<br>(খ) ৬১ লক্ষ-০১ কোটি টাকা-০৮<br>(গ) ৪১-৬০ লক্ষ টাকা-০৬<br>(ঘ) ২১-৪০ কোটি টাকা-০৪<br>(ঙ) ১-২০ কোটি টাকা-০২ |
| ০৫ | জনবল | ১০ | (ক) ১০০ এর অধিক-১০<br>(খ) ২৬-১০০ জন-০৯<br>(গ) ১৬-২৫ জন-০৭<br>(ঘ) ১-১৫ জন-০৫ |
| ০৬ | সামাজিক দায়িত্ব পালন (সি এস আর) | ০৫ | (ক) ৭০ লক্ষ টাকার উপরে-০৫<br>(খ) ৫১-৭০ লক্ষ টাকা-০৪<br>(গ) ৪১-৫০ লক্ষ টাকা-০৩<br>(ঘ) ২৬-৪০ লক্ষ টাকা-০২<br>(ঙ) ১-২৫ লক্ষ নিচে-০১ |
| ০৭ | উৎপাদিত পণ্যের স্থানীয় কাঁচা মালের ব্যবহার | ২০ | (ক) ব্যবহার ১০০% হলে-২০<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে |
| ০৮ | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই ও আইএসও) | ০৪ | বিএসটিআই অথবা আইএসও সনদ আবশ্যিকভাবে থাকতে হবে।<br>থাকলে-৪<br>না থাকলে-০ |

| ক্রম | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়ণের ধরন |
|---|---|---|---|
| ০৯ | বর্জ্য ব্যবস্থাপনা | ০৫ | ক) পরিবেশ রক্ষা ও বর্জ্য শোধন ব্যবস্থা: ৩<br>৫০ লক্ষ টাকা বা বেশি হলে ৩ নম্বর অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে।<br>(খ) ইটিপি ও পরিচালন ব্যবস্থা: ২<br>থাকলে-২, না থাকলে -০<br>প্রযোজ্য না হলে পূর্ণ নম্বর প্রাপ্ত হবে। |
| ১০ | নতুন পণ্য উদ্ভাবন | ০৬ | থাকলে-০৬<br>না থাকলে-০ |
| ১১ | গবেষণা ও উন্নয়ন (আর এন্ড ডি) | ০৫ | ৫০ লক্ষ টাকা বা বেশি হলে ৫ নম্বর অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে। |
| ১২ | কর্মচারী ও শ্রমিক কল্যাণ | ০৫ | ৫০ লক্ষ টাকা বা বেশি হলে ৫ নম্বর অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে। |

(ঘ) সেবামূলক বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র ও লজিস্টিকস খাত

| **ক্রম** | **বিবরণ** | **নির্ধারিত নম্বর** | **মূল্যায়ণের ধরন** |
|---|---|---|---|
| ০১ | মোট বিনিয়োগ | ২০ | (ক) ১০০০ কোটি টাকার উপরে-২০<br>(খ) ৯০১-১০০০ কোটি টাকা-১৮<br>(গ) ৮০১-৯০০ কোটি টাকা-১৫<br>(ঘ) ৭০১-৮০০ কোটি টাকা-১২<br>(ঙ) ৫০১-৭০০ কোটি টাকা-১০<br>(চ) ৩০১-৫০০ কোটি টাকা-০৮<br>(ছ) ১০১-৩০০ কোটি টাকা-০৬<br>(জ) ১-১০০ কোটি টাকা-০৫ |
| ০২ | টার্নওভার | ১০ | (ক) ১০০০ কোটি টাকার উপরে-১০<br>(খ) ৭০১-১০০০ কোটি টাকা-০৯<br>(গ) ৫০১-৭০০ কোটি টাকা-০৮<br>(ঘ) ৩০১-৫০০ কোটি টাকা-০৭<br>(ঙ) ২০১-৩০০ কোটি টাকা-০৬<br>(চ) ১০১-২০০ কোটি টাকা-০৫<br>(ছ) ১-১০০ কোটি টাকা-০৪ |

| ক্রম | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়ণের ধরন |
|---|---|---|---|
| ০৩ | আয়করপূর্ববর্তী মুনাফা | ১০ | (ক) ১০০ কোটি টাকার উপরে-১০<br>(খ) ৮১-১০০ কোটি টাকা-০৮<br>(গ) ৬১-৮০ কোটি টাকা-০৬<br>(ঘ) ৫১-৬০ কোটি টাকা-০৫<br>(ঙ) ১-৫০ কোটি টাকা-০৪ |
| ০৪ | প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত কর | ১৫ | (ক) ১০০ কোটি টাকার উপরে-১৫<br>(খ) ৮১-১০০ কোটি টাকা-১২<br>(গ) ৬১-৮০ কোটি টাকা-১০<br>(ঘ) ৪১-৬০ কোটি টাকা-০৯<br>(ঙ) ৩১-৪০ কোটি টাকা-০৮<br>(চ) ২১-৩০ কোটি টাকা-০৭<br>(ছ) ১১-২০ কোটি টাকা-০৬<br>(জ) ১-১০ কোটি টাকা-০৫<br>(ঝ) ১ কোটি টাকার নিচে-০৪ |
| ০৫ | মেধাস্বত্ব গ্রহণ ও সংরক্ষণ | ০৫ | থাকলে -০৫<br>না থাকলে-০ |
| ০৬ | সেবা খাতে প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার | ০৫ | থাকলে -০৫<br>না থাকলে-০ |
| ০৭ | জনবল | ০৫ | (ক) ১০০ জনের উপরে ০৫<br>(খ) ৮১-১০০=০৪<br>(গ) ৬১-৮০=০৩<br>(ঘ) ৫১-৬০=০২ |
| ০৮ | সামাজিক দায়িত্ব পালন (সি এস আর) | ০৫ | থাকলে -০৫<br>না থাকলে-০ |
| ০৯ | বর্জ্য ব্যবস্থাপনা | ১০ | ক) পরিবেশ রক্ষা ও বর্জ্য শোধন ব্যবস্থা: ৫<br>৫০ লক্ষ টাকা বা বেশি হলে ৫ নম্বর অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে।<br>(খ) ইটিপি ও পরিচালন ব্যবস্থা: ৫<br>থাকলে-৫, না থাকলে -০<br>প্রযোজ্য না হলে পূর্ণ নম্বর প্রাপ্ত হবে। |
| ১০ | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই ও আইএসও) | ০৫ | বিএসটিআই অথবা আইএসও সনদ আবশ্যিকভাবে থাকতে হবে।<br>থাকলে-৫, না থাকলে-০ |
| ১১ | কর্মচারী ও শ্রমিক কল্যাণ | ০৫ | ৫০ লক্ষ টাকা বা বেশি হলে ৫ নম্বর অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে। |
| ১২ | গবেষণা ও উন্নয়ন (আর এন্ড ডি) | ০৫ | ৫০ লক্ষ টাকা বা বেশি হলে ৫ নম্বর<br>অন্যান্য ক্ষেত্রে শতকরা হারে নম্বর প্রাপ্ত হবে। |

ফরম ‘ক’

সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদন

বৃহৎ ও মাঝারি শিল্প উৎপাদন

| আবেদনকারীর সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি-২ কপি |
|---|

১। (ক) আবেদনকারীর নাম : (বাংলায়)........................................................

(ইংরেজিতে)....................................................

(খ) পদবি : চেয়ারম্যান/উদ্যোক্তা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ স্বত্বাধিকারী

[প্রযোজ্য ক্ষেত্রে ( √ ) চিহ্ন দিন]

